

## প্রেস রিলিজ

১৯/১২/২০১৭ইং

বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন যাত্রার প্রারম্ভ থেকে পুঁজিবাজার উন্নয়নের জন্য সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ আয়োজন করে আসছে। এ সকল ওয়ার্কশপ সমূহে মতামত ও পরামর্শ উপস্থাপনের মাধ্যমে সরকার, অর্থমন্ত্রণালয় ও নিয়ন্ত্রণ সংস্থার দৃষ্টি আকর্ষন করে পুঁজিবাজারের জন্য ন্যয়সঙ্গত ও যৌক্তিক স্বার্থ রক্ষার প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

২০-১২-২০১৭ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকায় ওয়েস্টিন হোটেলে **Importance of Capital Market as Source of Long Term Finance: Bangladesh Perspective** (দীর্ঘ মেয়াদী অর্থায়নে পুঁজিবাজারের ভূমিকা: বাংলাদেশ পরিপ্রেক্ষিত) শীর্ষক একটি সেমিনার আয়োজন করা হবে। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় শিল্পমন্ত্রী আলহাজ্ব আমীর হোসেন আমু, বিএসইসির চেয়ারম্যান জনাব ড. এম. খায়রুল হোসাইন ও বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিক্লি লিস্টেড কোম্পানী (**BAPLC**) এর সভাপতি জনাব আজম জে চৌধুরী।

উক্ত সেমিনারে সভাপতিত্ব করবেন বিএমবিএর প্রেসিডেন্ট জনাব মোঃ ছায়েদুর রহমান।

সেমিনারে পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক ও উদ্বৃত্তন কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। সেমিনারে বিএসইসির উদ্বৃত্তন কর্মকর্তাসহ সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানের উদ্বৃত্তন কর্মকর্তারাও উপস্থিত থাকবেন বলে আশা করছি।

এ আয়োজনের মূল উদ্দেশ্য হলো আমাদের পুঁজিবাজারের সকল দিক সম্পর্কে আমাদের দেশের উদ্যোগাদের অবহিত করা এবং পুঁজিবাজারে সুস্পৃক্ত হওয়ার জন্য তাদের উৎসাহিত করা।

অন্য দিকে দেশের অর্থনীতির অভিভাবক মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় শিল্পমন্ত্রীর নিকট আমরা আমাদের পুঁজিবাজারের সকল প্রকার সীমাবদ্ধতার বিষয়াদি তুলে ধরতে চাই। আমরা বিশ্বাস করি তাদের সুদৃষ্টিতে আমাদের সকল সীমাবদ্ধতা সহজেই সমাধান হবে।

পরিশেষে পুঁজিবাজারের উন্নয়নে সকলের সম্মিলিত প্রয়াসের ব্যাপারে আশাবাদ ব্যক্ত করছি।

ধন্যবাদান্তে,

(মোঃ গোলাম মোস্তফা)  
সেক্রেটারী